



# হাইব্রিড টমেটোর চাষাবাদ প্রযুক্তি

টিপস্ ও ফ্যাঙ্ক  
সীট

**জীবনচক্র:** টমেটো একটি একবর্ষজীবী ফসল এবং জাতভেদে এর জীবনকাল ১২০-১৫০ দিন। টমেটো গাছের জীবনচক্রকে ৩ ভাগে ভাগ করা যায়।

## ১. চারা অবস্থা

বীজ বপন থেকে শুরু করে চারা উঠানো পর্যন্ত। অবস্থাভেদে বীজ গজাতে প্রায় ৬-৮ দিন সময় লাগে এবং প্রধান মূল দ্বারা খাবার গ্রহণ করে। চারা অবস্থা ২৫-৩০ দিন স্থায়ী হয়।

## ২. বৃদ্ধি অবস্থা

চারা লাগানো থেকে শুরু করে প্রথম ফুল আসা পর্যন্ত। চারা লাগানোর পর প্রধান মূল নষ্ট হয়ে গুচ্ছমূল তৈরি হয়। প্রতি ১২-১৫ দিনে গাছ উপরে ও নিচে দ্বিগুণ হারে বাড়তে থাকে। বৃদ্ধি অবস্থা ৩৫-৪০ দিন স্থায়ী হয়।

## ৩. ফুল আসা ও পরিপক্ব অবস্থা

প্রথম ফুল ধরা থেকে শুরু করে প্রথম টমেটো তোলা পর্যন্ত। টমেটো স্ব-পরাগী ফসল তবে মৌমাছি ও বাতাস সহায়ক ভূমিকা পালন করে। পরাগায়ন সময় সাধারণত সকাল ১০ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত। রৌদ্রজ্বল, ঠাণ্ডা ও নিম্ন আর্দ্রতা ফল ধারণে সহায়ক। পরাগায়নের ৪০-৪৫ দিনের মধ্যে পরিপক্ব ফল তোলা যায়।



## মাটি ও জলবায়ু

সুনিষ্কাশিত, আলো বাতাস যুক্ত, দৌঁআশ ধরনের মাটি (পি এইচ মাত্রা ৫.৫-৬.৮) টমেটো চাষের জন্য উপযোগী। টমেটো চাষাবাদের জন্য গাছের বিভিন্ন অবস্থায় নিম্নবর্ণিত তাপমাত্রা খুবই গুরুত্বপূর্ণ।

গাছের বিভিন্ন পর্যায়		সর্বনিম্ন (ডিগ্রী সে:)	উপযুক্ত (ডিগ্রী সে:)	সর্বোচ্চ (ডিগ্রী সে:)
বীজ গাজানো		১১°	১৬°-২৯°	৩৪°
চারা অবস্থায়		১৮°	২১°-২৪°	৩২°
বৃদ্ধি অবস্থায়		২০°	২০°-২৭°	৩০°
ফুল ধরা অবস্থায়	দিন	১৮°	২০°-২৪°	৩০°
	রাত	১০°	১৫°-১৭°	৩০°
পরিপক্ব অবস্থায়		১০°	২০°-২৪°	৩০°

## উন্নত জাত সমূহ

জাতের নাম	সংস্থা বা কোম্পানীর নাম	ফলন(শতাংশে)	বিশেষ বৈশিষ্ট
বারি টমেটো-১(মানিক)	BARI	কেজি	
বারি টমেটো-২(রতন)	BARI	৩০০-৩৫০ কেজি	
বারি টমেটো-৩	BARI	৩০০-৩৫০ কেজি	
বারি টমেটো-৪	BARI	৬০-৭০ কেজি	গ্রীষ্মকালীন
বারি টমেটো-৫	BARI	৬০-৭০ কেজি	গ্রীষ্মকালীন
বারি টমেটো-৬(চৈতী)	BARI	শীত-৩০০-৩৫০ কেজি, গ্রীষ্ম-১৮০-২০০কেজি	শীত ও গ্রীষ্ম
বারি টমেটো-৭(অপূর্ব)	BARI	৩০০-৩৫০ কেজি	
বারি টমেটো-৮(শিলা)	BARI	৩৫০-৪০০ কেজি	
বারি টমেটো-৯(লালিমা)	BARI	৩৩০-৩৫০ কেজি	
বারি টমেটো-১০(অনুপমা)	BARI	১৮০-২০০ কেজি	গ্রীষ্মকালীন
বারি টমেটো-১১(ঝুমকা)	BARI	শীত -১৫০-১৮০ কেজি, গ্রীষ্ম-৬০-৯০কেজি	
বারি টমেটো-১২(সিঁদুর)	BARI	৩০০-৩৫০ কেজি	
বারি টমেটো-১৩(শ্রাবনী)	BARI	১৫০-১৮০ কেজি	
বারি টমেটো-১৪	BARI	৩৪০-৩৫০ কেজি	ব্যকটেরিয়াজনিত ঢলে পড়া রোগ প্রতিরোধী



Prepared by Md. Nurul Alam Siddique, Email: [mnas1976@gmail.com](mailto:mnas1976@gmail.com); October 2013

Last Updated: July, 2014

Source: Syngenta Bangladesh Ltd., BARI Handbook 2011.





# হাইব্রিড টমেটোর চাষাবাদ প্রযুক্তি

টিপস্ ও ফ্যাক্ট  
সীট

জাতের নাম	সংস্থা বা কোম্পানীর নাম	ফলন(শতাংশে)	বিশেষ বৈশিষ্ট
বারি হাইব্রিড টমেটো-৩	BARI	১২০ কেজি	গ্রীষ্মকালীন
বারি হাইব্রিড টমেটো-৪	BARI	১৬০ কেজি	গ্রীষ্মকালীন
বারি হাইব্রিড টমেটো-৫	BARI	৩৮৫ কেজি	
বারি হাইব্রিড টমেটো-৬	BARI	৩৭০ কেজি	
বিগল	সিনজেনটা	৪৮০-৫২০ কেজি	ভাইরাস ও ব্যাকটেরিয়াল উইল্ট সহনশীল
সফল	সিনজেনটা	৩২০-৪০০ কেজি	আগাম শীতকালীন, ব্যাকটেরিয়াল উইল্ট সহনশীল
হাইটম-২	সিনজেনটা	৪৮০-৫২০ কেজি	ভাইরাস সহনশীল
সাথী	সিনজেনটা	৩২০-৩৪০ কেজি	

## বীজ বপনের উপযুক্ত সময়:

ভাদ্র-আশ্বিন (মধ্য আগস্ট-মধ্য অক্টোবর) থেকে শুরু করে কার্তিক মাস (মধ্য অক্টোবর-মধ্য নভেম্বর) পর্যন্ত পর্যায়ক্রমে শীতকালীন বিভিন্ন জাতের টমেটো বীজ বপন করা যায়।

**বীজের পরিমাণ:** ৪০-৬০ গ্রাম/একর, ৪-৬ গ্রাম/শতক

## বীজতলা তৈরী:

- বীজ বপনের ১৫-২০ দিন পূর্বে ১-২ দিন পূর্বে ১-২ ইঞ্চি ধানের খড় বিছিয়ে পুড়িয়ে ফেলুন এবং ভালভাবে কুপিয়ে রৌদ্রে উন্মুক্ত করে রাখুন।
- প্রতি শতকে ৫০০ গ্রাম হারে টিএসপি, পটাশ ও জিপসাম প্রয়োগ করুন।
- ১ সপ্তাহ বীজতলায় সেচ দিয়ে জো অবস্থায় আশা পর্যন্ত অপেক্ষা করুন।
- ৩ ফুট চওড়া ও ৬ ইঞ্চি উঁচু করে সুবিধামত দৈর্ঘ্যের বীজতলা কুপিয়ে ৬-৮ ইঞ্চি উচ্চতায় মাটি বুরবুরে করুন।
- বীজ থেকে বীজ ১ ইঞ্চি দূরত্বে এবং আধা ইঞ্চি গভীরে সারি করে বীজ বপন করুন। দুই সারির মধ্যে ৩-৪ ইঞ্চি দূরত্ব রাখুন। বীজ বপনের পর হালকা মাটি দিয়ে ঢেকে দিন। ৭-৮ দিনের মধ্যে বীজের অংকুরোদগম হবে।
- চারা গজানোর ৮-১০ দিন পর পর্যায়ক্রমে দুইবার রিডোমিল গোল্ড ও একতারা প্রয়োগ করুন।
- ২৫-৩০ দিনের বয়সী চারা (৪-৫ পাতা) লাগানোর জন্য উপযুক্ত।

## মূল জমি তৈরী:

৮-১০ ইঞ্চি গভীরতায় ৪-৫ টি আড়াআড়ি চাষ ও মই দিয়ে মাটি বুরবুরে ও সমতল করে জমি তৈরী করুন।

## চারা রোপণ:

- পড়ল্ড বেলায় এবং ছায়ায় ঠান্ডা আবহাওয়ায় চারা লাগানোর জন্য উপযুক্ত সময়।
- ৩ ফুট প্রশস্ত বেডের দুই পার্শ্বে ১.৫ ফুট দূরত্বে চারা রোপন করুন, এক্ষেত্রে সারি থেকে সারির দূরত্ব হবে ২ ফুট।
- পাশাপাশি ২ টি বেডের মাঝখানে ১ ফুট প্রশস্ত নালা রাখুন।
- মাটিতে গর্ত করে চারা লাগানোর পর হালকা চাপ দিয়ে গর্ত বন্ধ করুন এবং গাছের গোড়ায় পানি দিন।
- চারা লাগানো শেষ হলেই সাথে সাথে জমিতে হালকা সেচ দিন।





# হাইব্রিড টমেটোর চাষাবাদ প্রযুক্তি


টিপস্ ও ফ্যাক্ট  
সীট

## সেচ ও নিষ্কাশন:

- গাছের বৃদ্ধির প্রতিটি পর্যায়ে অপরিাপ্ত আর্দ্রতা ফলন ও ফলের গুণগতমান কমিয়ে দেয়।
- বিশেষ করে চারা রোপনের পরপর, ফুল আসা ও ফল পরিপক্ব হওয়ায় সময় জমিতে আর্দ্রতা থাকা আবশ্যিক।
- টমেটো জলাবদ্ধতা সহ্য করতে পারে না এবং অতিরিক্ত বৃষ্টিতে যত দ্রুত সম্ভব জমির পানি সরিয়ে ফেলুন।
- দুপুরের পূর্বে গাছ বিমিয়ে পড়লে বুঝতে হবে জমিতে সেচ প্রয়োজন।
- সাধারণত ৭-১০ দিন অল্প অল্প চারা রোপনের পর ৫-৬ টি সেচ দিন।

## অল্পবর্তীকালীন পরিচর্যা:

প্রথম ও ২য় কিস্তির সার প্রয়োগের পূর্বে পার্শ্বকুশিসহ মরা পাতা ছাঁটাই করে দিতে হয়। এতে রোগ ও পোকাকার আক্রমণ কম হয় এবং ফলের আকার বড় হয়। বাতাসে গাছ যাতে নুয়ে না পড়ে সেজন্য টমেটো গাছে ‘‘ আকৃতির ঠেকনা দেওয়ার জন্য বাঁশের তৈরি কাঠি, ধৈখগর কাঠি, বাঁশের কঞ্চি, ডাল ইত্যাদি ব্যবহার করা যেতে পারে।



## বিশেষ পরিচর্যা:

১ম ফুলের গোছার ঠিক নিচের কুশিটি ছাড়া সচ পার্শ্বকুশি ছাঁটাই করতে হবে। গাছে বাঁশের খুঁটি দিয়ে ঠেকনা দিতে হবে।

## সারের পরিমান ও প্রয়োগ পদ্ধতি:

\* এলাকা, জমি ও পূর্ববর্তী ফসল বিবেচনায় সারের মাত্রার তারতম্য হতে পারে। তবে প্রতি একরে নিম্নে বর্ণিত পরিমান ও নিয়মানুসারে সার প্রয়োগ করা যেতে পারে।

সার	পরিমান (কেজি)	শেষ চাষের পূর্বে প্রয়োগ	চারা লাগানোর ১০-১৫ দিনের মধ্যে	চারা লাগানোর ৩০-৩৫ দিনের মধ্যে
গোবর	১৫০০-২০০০	১৫০০-২০০০		
ইউরিয়া	১০৫	৩৫	৩৫	৩৫
টিএসপি	১০০	১০০		
এমপি	১০০		৫০	৫০
জিপসাম	৩০	৩০		
থিয়োভিট	২	২		
থ্রোজিন	৩	৩		
বিংগো	১.৫	১.৫		
ম্যাগমা	৬	৬		

প্রথম বার টমেটো তোলার পর একর প্রতি ৩০ কেজি হারে ইউরিয়া, ফসফেট ও পটাশ রিং পদ্ধতিতে দেওয়া যেতে পারে। তবে সার প্রয়োগের সময় জমিতে অবশ্যই আর্দ্রতা থাকতে হবে।

## বালাই দমন:

বালাই সমূহ	সমাধান	ব্যবহার বিধি
চারা ড্যাম্পিং অফ, লেট ব-ইট ও ফিউজেরিয়াম উইল্ট	রিডোমিল গোল্ড এম জেড ৬৮ ডবি- উজি	প্রতি লিটার পানিতে ৫ গ্রাম হারে মিশিয়ে গাছের গোড়াসহ ভালভাবে ভিজিয়ে স্প্রে করুন।
পাউডারী মিলডিউ	থিয়োভিট ৮০ ডবি- উজি	প্রতি ১০ লিটার পানিতে ৪৫ গ্রাম মিশিয়ে ৫ শতাংশ জমিতে ৭-১০ দিন পর পর ভালভাবে স্প্রে করুন।
অ্যানথ্রাকনোজ	স্কোর ২৫০ ইসি	প্রতি ১০ লিটার পানিতে ৫ এমএল মিশিয়ে ৫ শতাংশ জমিতে ১৫ দিন পর পর ভালভাবে স্প্রে করুন।



Prepared by Md. Nurul Alam Siddique, Email: [mnas1976@gmail.com](mailto:mnas1976@gmail.com); October 2013

Last Updated: July, 2014

Source: Syngenta Bangladesh Ltd., BARI Handbook 2011.





# হাইব্রিড টমেটোর চাষাবাদ প্রযুক্তি

টিপস্ ও ফ্যাক্ট  
সীট

বালাই সমূহ	সমাধান	ব্যবহার বিধি
টমেটো মোজাইক ভাইরাস	ভাইরাসের বাহক দমনে একতারা ২৫ ডবি- উজি	প্রতি ১০ লিটার পানিতে ২.৫ গ্রাম মিশিয়ে ৫ শতাংশ জমিতে ভালভাবে স্প্রে করুন।
জ্যান্সিড, এফিড ও সাদা মাছি	একতারা ২৫ ডবি- উজি	প্রতি ১০ লিটার পানিতে ২.৫ গ্রাম মিশিয়ে ৫ শতাংশ জমিতে ভালভাবে স্প্রে করুন।
ফল ছিদ্রকারী পোকা	প্রোক্লেম ৫ এসজি	প্রতি লিটার পানিতে ১ গ্রাম হারে মিশিয়ে গাছ ভালভাবে ভিজিয়ে স্প্রে করুন।
কাটুই পোকা	ক্যারাটে ২.৫ ইসি	প্রতি শতাংশ জমির জন্য ৩ এমএল প্রয়োজনীয় পানির সাথে মিশিয়ে সারি ভিজিয়ে স্প্রে করুন।
মাকড়	ভারটিমেক ০১৮ ইসি	প্রতি লিটার পানিতে ১.৫ এমএল হারে মিশিয়ে পাতার উভয় পিঠি ভালভাবে ভিজিয়ে স্প্রে করুন।

## ফসল সংগ্রহ:

সাধারণত চারা রোপনের ৬০-৭০ দিনের মধ্যে টমেটো প্রথম তোলায় জন্য উপযুক্ত হয়। ফলের ঠিক নিচে ফুল বারে যাওয়ার পর যে দাগ থাকে ঐ স্থান থেকে লালচে ভাব গুরু হলেই ফল সংগ্রহ করতে হবে। এতে ফল অনেকদিন পর্যন্ত সংরক্ষণ করা যায়। অপরিপক্ক অবস্থায় ফল সংগ্রহ করে হরমোন প্রয়োগের মাধ্যমে ফল পাকানো হলে ফলের স্বাভাবিক স্বাদ ও পুষ্টি গুণ ব্যাহত হয় এবং ফলনও কম হয়। তাই এভাবে ফসল সংগ্রহ ও পাকানো মোটেই উচিত নয়।

আরো বিস্তারিত জানতে কল করুন ০১৭৪৬৭৭৪২৮১ নম্বরে  
ভিজিট করুন [www.ekrishok.com](http://www.ekrishok.com) ওয়েবসাইটে

এস এম এস এর মাধ্যমে কৃষি সমস্যার সমাধান পেতে SUB  
লিখে পাঠিয়ে দিন ১৬২৫০ নম্বরে  
ভিজিট করুন [www.ekrishok.com](http://www.ekrishok.com) ওয়েবসাইটে



Prepared by Md. Nurul Alam Siddique, Email: [mnas1976@gmail.com](mailto:mnas1976@gmail.com); October 2013

Last Updated: July, 2014

Source: Syngenta Bangladesh Ltd., BARI Handbook 2011.

